অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডের উপকূলীয় ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য প্রায় ৪ মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা করেন

ব্যাক্সটার বিচ উপকূলের পুনর্বাসন বন্যা প্রতিরোধ করার পাশাপাশি পোর্ট ওয়াশিংটন কমিউনিটিকে সুরক্ষিত রাখবে

গভর্নরের ফ্লিকার পেজে ইভেন্টের ছবি উপলভ্য রয়েছে

গভর্নর হোকল লং আইল্যান্ডের উপকূলীয় ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য আজ 7.7 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন। বিনিয়োগটি পোর্ট ওয়াশিংটনের ক্ষতিগ্রস্থ ব্যাক্সটার বিচ (Baxter Beach)-এর উপকূলরেখা মেরামত করতে সহায়তা করবে। উপকূলরেখার ক্ষয়ের ফলে মাত্রারিক্ত বন্যা হয়েছে, কমিউনিটি বিপন্ন হয়েছে যা উদ্ভিদ ও সামুদ্রিক জীবনধারাকে ক্ষতিগ্রস্থ করছে।

"শুধুমাত্র লং আইল্যান্ডবাসীগণেই জানে যে একটি বৃষ্টির দিন কত দ্রুত বন্যা ঘটাতে পারে," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগটি পোর্ট ওয়াশিংটনকে গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়নে এবং একটি স্থিতিস্থাপক কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করবে যা বৈরি আবহাওয়ার কারণে সৃষ্ট প্রতিকূলতার বর্ধিত ফ্রিকোয়েন্সি মোকাবেলা করতে পারে।"

ব্যাক্সটার বিচে বিলুপ্ত হওয়া উপকূলরেখা শুধুমাত্র উদ্ভিদ, সামুদ্রিক জীবন, আবাসস্থল এবং সৈকতেরই ক্ষতির উপর ব্যাপক প্রভাব ফেলে না বরং মাত্রারিক্ত বন্যা হাজার হাজার বাসিন্দাকে ক্ষতিগ্রস্থ করে দিতে পারে। ভারী বৃষ্টিপাত এবং বন্যার সময়, বাসিন্দাগণ উপকূলের রোডে প্রায়শই আটকা পড়ে থাকে।

7.7 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ উপকূলীয় ক্ষয় ও বন্যা প্রশমিত করতে এবং পথচারীদের সংযোগ উন্নত করতে ব্যবহার করা হবে। প্রস্তাবিত এ নির্মাণ প্রক্রিয়ার মধ্যে রয়েছে একটি পোরোয়াস অ্যাসফল্ট ওয়াক (Porous Asphalt Walk), একটি রক সিল, গ্যাবিয়ন প্রাচীর মেরামত এবং বন্যা ও ক্ষয় রোধে জোয়ারের ঢেউ প্রতিরোধী বৃক্ষ রোপণ। এলিভেটেড ওভারলুক ওয়াকওয়ে, আপার শোরলাইন ল্যান্ডস্কেপিং, বেঞ্চ, বাস শেল্টার, এবং বিদ্যুত সাশ্রয়ী আলোকসজ্জাও সকল বাসিন্দাদের জন্য উপকূলরেখা উন্নত করার জন্য নির্মাণ করা হবে। প্রকল্পটি শুধুমাত্র পোর্ট ওয়াশিংটনের বাসিন্দাদের সুরক্ষিত রাখবে ব্যাপারটি এমন নয় বরং নতুন দর্শণার্থীদেরও আকৃষ্ট করার পাশাপাশি স্থানীয় ব্যবসায়িক ডিস্ট্রিক্টকেও সহায়তা করবে।

বিদ্যমান স্টেটের মূলধন তহবিল উৎস থেকে অর্থায়ন করা হয়।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের অন্তর্বর্তী কমিশনার শেন মাহার বলেন, "জলবায়ু পরিবর্তন এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি আমাদের উপকূলীয় কমিউনিটির জন্য হুমকি বাড়ায়, উপকূলীয় ব্যবস্থা পুনরুদ্ধারে গভর্নর হোকলের বিনিয়োগ লং আইল্যান্ডে উপকূলীয় স্থিতিস্থাপকতা উন্নত করতে সরাসরি সহায়তা প্রদান করছে। DEC-এর উপকূলীয় এবং জলের গুণগতমান বিশেষজ্ঞগণ এই অঞ্চলে আমাদের উপকূলীয় পরিবেশ এবং কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখে এমন কৌশলগুলোকে এগিয়ে নেওয়ার জন্য এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টাগুলোকে সমর্থনকারী অনেক অংশীদারের সাথে কাজ করা চালিয়ে যাবেন।"

অ্যাসেম্বলিমেম্বার জিনা সিলিট্টি বলেন, "দায়িত্ব নেওয়ার পর থেকে, আমার সর্বোচ্চ অগ্রাধিকারগুলোর মধ্যে একটি হলো মেয়র নোরা হ্যাগেনসনের সাথে নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাওয়া যাতে ব্যাক্সটার বিচের উপকূলরেখার মেরামত এবং পুনরুদ্ধারের জন্য অত্যন্ত প্রয়োজনীয় তহবিল নিশ্চিত করা যায়। আমি ঘোষণা করতে পেরে গর্বিত যে গভর্নর হোকল আমাদের জরুরি কলে সাড়া দিয়েছেন এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য একটি গ্রহণযোগ্য $7.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছেন। এই বিনিয়োগটি শুধু উপকূলরেখাকে পুনরুজ্জীবিত করবে না এবং ম্যানহাসেট উপসাগরকে পুনর্বাসন করবে না বরং উপকূলের রোডকে অবিরাম বন্যা এবং ভাঙন থেকে রক্ষা করবে যেখানে আমাদের বাসিন্দাগণ প্রায়শই আটকা পড়ে অরক্ষিত হয়ে পড়ে।"

নাসাউ কাউন্টির সংখ্যালঘু নেতা ডেলিয়া ডিরিগি-হুইটন বলেন, "উপকূলের রোড হলো হাজার হাজার নাসাউ কাউন্টির বাসিন্দাদের জন্য একটি অপরিহার্য অ্যাক্সেস পয়েন্ট এবং ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) নির্ধারিত একটি গুরুত্বপূর্ণ রুট এবং জননিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশগত উপস্থাপনার স্বার্থে এর কাঠামোগত অখণ্ডতা রক্ষা করার জন্য আমাদের অবশ্যই কার্যকরীভাবে কাজ করতে হবে। নাসাউ কাউন্টির উত্তর তীরে দৃঢ়ভাবে মনোযোগ দেওয়ার জন্য আমি গভর্নর হোকল এবং তার প্রশাসনকে সাধুবাদ জানাই এবং আমাদের অঞ্চলের এই সাম্প্রতিক অবকাঠামোগত প্রতিবন্ধকতা মোকাবেলায় তার অক্লান্ত সমর্থন ও নেতৃত্বের জন্য মেয়র নোরা হ্যাগেনসনকে ধন্যবাদ জানাই।"

টাউন অব নর্থ হেম্পস্টেডের কাউন্সিলমেম্বার মারিয়ান ডালিমন্টে বলেন, "আজকের ঘোষণাটি আমাদের কমিউনিটির জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, ব্যাক্সটার বিচে উপকূলরেখা পুনরুদ্ধারের জন্য জরুরি প্রয়োজনকে গুরুত্ব প্রদান করে। আমি আন্তরিকভাবে গভর্নর হোকল এবং অ্যাসেম্বলিওমেন সিলিট্টিকে আমাদের পরিবেশ ও নিরাপত্তাজনিত উদ্বেগের প্রতি তাদের অবিচল সমর্থন এবং অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই। এই বিনিয়োগটি শুধুমাত্র আমাদের মূল্যবান সামুদ্রিক এবং উদ্ভিদ জীবনকে রক্ষা করে না বরং এটি 12,000-এরও বেশি বাসিন্দাদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের বাড়ি এবং পরিবেশ রক্ষায় সাহায্য করার জন্য গভর্নর হোকল এবং অ্যাসেম্বলিওমেন সিলিট্টিকে ধন্যবাদ।"

ব্যাক্সটার এস্টেটের মেয়র নোরা হ্যাগেনসন বলেন, "গভর্নরের এই উদার অনুদান আমাদের ব্যাক্সটার এস্টেটস বিচের পুনরুদ্ধারে সাহায্য করবে। আমরা অত্যন্ত উচ্ছ্বসিত এবং গর্বিত যে গভর্নর ম্যানহাসেট উপসাগর বরাবর জলপ্রান্তরের স্থিতিস্থাপকতা এবং মাছ ও জলজ পাখির প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ করে রাখার গুরুত্ব স্বীকার করেছেন। ধন্যবাদ, গভর্নর হোকল!"

নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য গভর্নর হোকলের বিস্তৃত পুনর্বাসন পরিকল্পনা
গভর্নর হোকল 2024 সালের স্টেট অভ দ্য স্টেটের অংশ হিসাবে চরম আবহাওয়া থেকে নিউ ইয়র্কবাসীকে রক্ষা করার জন্য একটি বিস্তৃত পুনর্বাসন পরিকল্পনা ঘোষণা করেছেন। উল্লেখযোগ্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

- ভবিষ্যতের ঝড়সমূহকে সামনে রেখে নিম্ন- ও মধ্যম-আয়ের বাড়ির মালিকদের জন্য স্থিতিস্থাপকতা প্রয়াস সমর্থন করার জন্য একটি নমনীয় তহবিল স্থাপন করার জন্য **'স্থিতিস্থাপক এবং প্রস্তুত (Resilient & Ready)' কর্মসূচি তৈরি করা**। কর্মসূচিটি ঝড়ের পরবর্তীতে প্রয়োজনীয় মেরামত করার জন্য বন্যায় ক্ষতির সম্মুখীন হওয়া গৃহস্থালিসমূহকে সহায়তা করা স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (State Homes and Community Renewal) জন্য সম্ভব করবে এবং সক্রিয় বন্যা প্রশমন উন্নয়নকাজের ব্যয়ভার বহন করবে।
- কমিউনিটিতে সর্বাধিক বন্যা কবলিত কমিউনিটিসমূহে বাইআউট উৎসাহিত করতে 2024-25 আর্থিক বছরে প্রণীত বাজেটে অন্তর্ভুক্ত 250 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে **ব্লু বাফার্স স্বেচ্ছায় বাইআউট কর্মসূচি (Blue Buffers Voluntary Buyout Program) তৈরি**। এই কর্মসূচিতে প্রথমে প্রসারিতকরণ ও শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া হবে এবং তারপর বন্যার ঝুঁকির মাত্রার উপর ভিত্তি করে স্বেচ্ছাসেবী প্রকল্পগুলি চিহ্নিত করা শুরু করা হবে, যাতে আমরা আমাদের সেইসব সম্প্রদায়গুলিকে রক্ষা করতে পারি যারা উচ্চমাত্রার জল এবং ঝড়ের কারণে সবচেয়ে বেশি বিপদগ্রস্ত পরিস্থিতির মধ্যে আছে।
- মাঠপর্যায়ে আরো কর্মী যোগ করতে, প্রশিক্ষণ ও প্রস্তুতি উন্নত করতে এবং পরিবর্তনশীল হুমকিগুলি দেখা দেওয়ার সাথে সাথে মোকাবেলা করার জন্য **স্টেট ব্যাপী দুর্যোগ সাড়াদানে মুখ্য বিনিয়োগ করবে।**
- **উপকূলীয় ক্ষয় ঝুঁকি এলাকা (Coastal Erosion Hazard Area, CEHA) মানচিত্র হালনাগাদ**, যা সমুদ্র সৈকত, টিলা এবং ব্লাফের সুরক্ষার জন্য অপরিহার্য যা বন্যার স্থিতিশীলতা বজায় রাখে এবং উন্নত করে, যাতে কমিউনিটি এবং অনুমতির আবেদনকারীরা দ্রুত নির্ধারণ করতে পারে যে কোনো সম্পত্তি CEHA এর মধ্যে আছে কিনা।

ভোটার অনুমোদিত 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইন এইসব এবং অন্যান্য বহু উদ্যোগকে সমর্থন করতে সাহায্য করছে, যার মধ্যে রয়েছে পানির মান উন্নয়ন এবং স্থিতিস্থাপকতা অবকাঠামোর তহবিল ব্যবহার করা। বন্ড অ্যাক্ট বার্ধক্যজনিত জলের পরিকাঠামো আপডেট করতে এবং জলের গুণমান রক্ষা করতে, তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য সম্প্রদায়গুলির ক্ষমতাকে শক্তিশালী

করতে, বায়ু দূষণ এবং নিম্ন জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন কমাতে, আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং বাইরের স্থানগুলি এবং স্থানীয় খামারগুলিকে সংরক্ষণ করতে তহবিলের ঐতিহাসিক স্তরে অগ্রসর হচ্ছে। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ বন্ড আইন তহবিল সুবিধার কমপক্ষে 35 শতাংশ পাবে, এবং 40 শতাংশ প্রদানের লক্ষ্য থাকবে। বন্ড আইন সম্পর্কে আরো তথ্যের জন্য, www.ny.gov/BondAct এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন